যুগান্তর

তারিখ 01 DEC 2017
পৃষ্ঠা 2 কলাম 5

# মেধা তালিকায় না থেকেও জাবিতে ভর্তি!

**জাবি প্রতিনিধি**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির মেধা তালিকায় না থাকলেও একজনকে ভর্তি করার অভিযোগ উঠেছে। প্রথম মেধা তালিকায় না থাকা ওই শিক্ষার্থীকে কলা অনুষদে (সি-ইউনিট) ভর্তির অনুমতি দেয়ায় শুরু হয়েছে সমালোচনা। ভর্তি কমিটির স্বচ্ছতা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। খোঁজ নিয়ে জানা যায়, ওই শিক্ষার্থী মো. দেলোয়ার হোসেন ভর্তি পরীক্ষায় 'সি' ইউনিটে (রোল নং-৩১০৬২৯) ১৫তম স্থান অর্জন করেন। শুধু ইংরেজি বিভাগের সাক্ষাৎকারে হাজির হওয়ায় ইংরেজি বাদে অন্যান্য বিষয়গুলোর জন্য তাকে অনুপস্থিত ধরা হয়। এ কারণে ১ম মেধা তালিকা থেকে বাদ দেয়া হয় দেলোয়ারকে। বাদ দেয়া হয় অপেক্ষমাণ তালিকা থেকেও। কিন্তু পরবর্তীতে অপেক্ষমাণ তালিকা থেকে ২য় মেধা তালিকা ঘোষণা করা হলে দেলোয়ারকে ১ম স্থান দেয়া হয়। ফলে বাদ পড়ে যান মেধা তালিকায় থাকা যোগ্য আরেক ভর্তিচ্ছু। এতে সমালোচনার মুখে পড়েন অনুষদের ডিন।

এ বিষয়ে কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোজাম্মেল হক যুগান্তরকে বলেন, দেলোয়ার ইংরেজি বিভাগে সাক্ষাৎকার দিয়েছে। নজরে না আসায় ভুলবশত অনুপস্থিত ভেবে তাকে ১ম মেধা তালিকায় রাখা হয়নি। তাই পরবর্তীতে তাকে ভর্তির সুযোগ দেয়া হয়েছে।